JAN. 28 2000

তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ২

দৈনিক ইনকিলাব

# ১৫ ফেব্রুয়ারীর মধ্যে শিক্ষকদের ৬ দফা দাবী বাস্তবায়নে কার্যকর ব্যবস্থা নিন

## –শিক্ষক সংগ্রাম সমন্বয় কমিটি

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** বাংলাদেশ শিক্ষক সংগ্রাম সমন্বয় কমিটি আগামী ১৫ ফেব্রুয়ারীর মধ্যে শিক্ষকদের ৬ দফা দাবী বাস্তবায়নে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সরকারের প্রতি আহবান জানিয়েছে। কমিটির অন্যতম সমন্বয়কারী প্রিন্সিপাল কামরুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত সমন্বয় কমিটির সভায় বক্তব্য রাখেন ডঃ আখতারুজ্জামান, প্রিন্সিপাল কাজী ফারুক আহমেদ।

শিক্ষক-কর্মচারীদের দাবীসমূহ হচ্ছে ঃ

সরকারের পূর্বঘোষণা মোতাবেক বেসরকারী স্কুল-কলেজের শিক্ষক-কর্মচারীদের গত বছর জুলাই থেকে ১০% বর্ধিত বেতন, '৯৭ জুলাই থেকে বর্তমান জাতীয় স্কেলে মেডিকেল ভাতা ও ইনক্রিমেন্ট এবং পদোন্নতি প্রদান, ২৪ আগস্ট, ২০০০ পর্যন্ত প্রচলিত নিয়মে নিয়োগপ্রাপ্ত তৃতীয় বিভাগসহ সকলকে এমপিওভুক্তকরণ এবং এরপর থেকে সরকারী শিক্ষা প্রতিষ্ঠানে এক বা একাধিক তৃতীয় বিভাগ অনুমোদনযোগ্য হলে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের ক্ষেত্রেও তা প্রযোজ্য করা, বেসরকারী কলেজ শিক্ষকদের ২ বছর পর প্রাপ্ত উচ্চতর স্কেল বহাল রাখা, কল্যাণ ট্রাস্টের ট্রাস্টী বোর্ডের নতুন কমিটি গঠন, বেসরকারী কলেজে সহযোগী অধ্যাপক ও অধ্যাপক পদ চালু, বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহ-প্রধান শিক্ষক, কলেজের অধ্যক্ষ ও উপাধ্যক্ষদের পরবর্তী উচ্চতর বেতন স্কেল প্রদান, সহকারী অধ্যাপক পদে পদোন্নতির ক্ষেত্রে অনুপাতপ্রথা বাতিলকরণ এবং এক্সটেনশনপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীদের ৬৫ বছর পর্যন্ত বেতনের সরকারী অংশ প্রদান।

সভায় আরও বক্তব্য রাখেন, সমন্বয় কমিটির অপর ২ সমন্বয়কারী ডঃ ম আখতারুজ্জামান এবং অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ এবং বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মোহাম্মদ আজিজুল ইসলাম, বাংলাদেশ শিক্ষক সমিতির (কামরুজ্জামান) সহ-সভাপতি হেনা দাস ও মহাসচিব চৌধুরী খুরশীদ আলম, বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির মহাসচিব প্রিন্সিপাল মোঃ শাহজাহান ও কোষাধ্যক্ষ এমএ বারী, কেন্দ্রীয় নেতা আবু বকর, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির যুগ্ম সাধারণ সম্পাদক প্রিন্সিপাল আসাদুল হক, পরিবেশ বিষয়ক সম্পাদক ভাইস প্রিন্সিপাল নুরুন নবী সিদ্দিকী, বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব মোঃ শহীদ উল্লাহ।